দৈনিক বাংলা

তারিখ ... 4.2.80 ...
পৃষ্ঠা ... 7 ... কলাম 3 ...

007

# মেডিক্যাল কলেজে শিশু নির্দেশনা ক্লিনিক

ঢাকা মেডিকাল কলেজ হাসপাতালের মানসিক ব্যাধি বিভাগ ১৯৭৯ সালের এপ্রিল মাস থেকে শিশু নির্দেশন ক্লিনিক পরিচালনা করে আসছে।

এ ক্লিনিকের উদ্দেশ্য হচ্ছে শৈশবের মানসিক অসুবিধাসমূহ নির্ণয় এবং চিকিৎসা বিষয়ে শিশুর অভিভাবকদের পরামর্শ দেয়া। ক্লিনিকে ১২ বছরের কম বয়সী শিশুদের শিশু বিশেষজ্ঞ, মানসিক ব্যাধি চিকিৎসক এবং মনোবিজ্ঞানীর প্রতি শুক্রবার সকাল আটটা থেকে দুপুর বারোটা পর্যন্ত দেখে থাকেন। গত নয় মাসে মোট ৬৩টি শিশুর চিকিৎসা এ ক্লিনিকে করা হয়েছে।

শিশুদের আচার ব্যবহার অথবা কাজকর্মে অসুবিধা হলে অভিভাবকদের এই ক্লিনিকের সঙ্গে যোগাযোগ করার জন্যে এক প্রেস বিজ্ঞপ্তিতে আহবান জানানো হয়েছে।